



বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫(পাঁচ)টি উদ্ভাবনী উদ্যোগ ১৯ জুন, ২০১৯ খ্রি. তারিখে
শোকেসিং করা হয়



১৯ জুন, ২০১৯ তারিখে কল্যাণ বোর্ডের ৫টি উদ্ভাবনী উদ্যোগের শোকেসিং করা হয়



ঢাকা বিভাগীয় ইনোভেশন শোকেসিং ২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কল্যাণ বোর্ডের পক্ষ থেকে প্রোগ্রামার সনদ গ্রহণ করছেন।

উদ্ভাবনী উদ্যোগসমূহ (২০১৬-১৭):

১. উদ্যোগের নাম: সাধারণ চিকিৎসা অনুদান সেবা সহজিকরণ ও অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে সাধারণ চিকিৎসা অনুদান কার্যক্রম সম্পাদন।

- সময়াবদ্ধ কর্মপরিকল্পনার মাধ্যমে নির্দিষ্ট সময়ে আবেদন নিষ্পত্তিকরণ;
- সেবা বিকেন্দ্রীকরণ ও অনুদানের হার নির্ধারণ করা হয়েছে;
- সফটওয়্যারের মাধ্যমে সাধারণ চিকিৎসা অনুদান কার্যক্রম সম্পাদন;
- সেবাপ্রদান পদ্ধতি সহজ ও গ্রহণযোগ্য হয়েছে এবং ভোগান্তি কমেছে;
- সেবাপ্রার্থীর সময়, খরচ ও যাতায়াত (TCV) হ্রাস পেয়েছে;
- দুর্নীতি ও জালিয়াতির সুযোগ প্রায় শূন্য;
- সরকারের প্রযুক্তি সক্ষমতা ও সুনাম বৃদ্ধি পেয়েছে।

২. উদ্যোগের নাম: সেবার অর্থ EFT এর মাধ্যমে প্রেরণ।

৫টি সেবার মঞ্জুরিকৃত অর্থ সেবাপ্রার্থীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে:

- যৌথবীমার এককালীন অনুদান;
- জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান;
- সাধারণ চিকিৎসা অনুদান;
- শিক্ষাবৃত্তি;
- দাফন অনুদান।

৩. উদ্যোগের নাম: স্কুদেবার্তা (SMS) প্রদানের মাধ্যমে সেবাপ্রার্থীকে অবহিতকরণ।

অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়াসহ ৬টি সেবা কার্যক্রম পরিচালনায় বিভিন্ন পর্যায়ে স্কুদেবার্তা (SMS) প্রদানের মাধ্যমে সেবাপ্রার্থীকে অবহিত করা হচ্ছে:

- রেজিস্ট্রেশন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি নিশ্চিত করা;
- আবেদন গ্রহণের বিষয়টি নিশ্চিত করে আবেদনের ট্র্যাকিং নম্বর ও তারিখ জানিয়ে দেয়া;
- আবেদনে কোন আপত্তি/ত্রুটি থাকলে তা জানানো এবং
- আবেদন অনুমোদনের বিষয়টি এবং অনুদানের পরিমাণ জানিয়ে দেয়া।

উদ্ভাবনী উদ্যোগসমূহ (২০১৭-১৮):

১. উদ্যোগের নাম: অনলাইনে শিক্ষাবৃত্তির আবেদন দাখিল ও নিষ্পত্তি।

- চাকরি জীবনে একবারই রেজিস্ট্রেশন;
- অর্থ বিভাগের পে-ফিল্ডেশন ডাটাবেজের মাধ্যমে আবেদনকারীর সত্যতা ও আবেদনের দ্বৈততা যাচাই;
- অনলাইনে শিক্ষাবৃত্তির আবেদন দাখিল, কোন হার্ডকপি গ্রহণ করা হচ্ছে না;
- SMS এর মাধ্যমে আবেদনকারীকে অবহিতকরণ;
- যে কোন জায়গা থেকে আবেদন Tracking এর সুবিধা;
- অনলাইনে আবেদন যাচাই বাছাই ও অনুমোদন;
- EFT এর মাধ্যমে ব্যাংক একাউন্টে অনুদানের অর্থ প্রেরণ;
- প্রতারণা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- কাজে জবাবদিহীতা নিশ্চিত করা এবং আর্থিক শৃঙ্খলা বৃদ্ধি;
- সরকারের প্রযুক্তি সক্ষমতা ও সুনাম বৃদ্ধি।

২. উদ্যোগের নাম: জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসা অনুদানের আবেদন নিষ্পত্তির দীর্ঘ প্রক্রিয়াকে সহজিকরণ।

- সময়াবদ্ধ কর্মপরিকল্পনার মাধ্যমে নির্দিষ্ট সময়ে আবেদন নিষ্পত্তিকরণ;
- পূর্ববর্তী মাসের সকল আবেদনসমূহ ও আবেদনের তালিকা পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে পরীক্ষা-নিরীক্ষার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ;
- ১২ তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের স্থায়ী মেডিকেল বোর্ড কর্তৃক যাচাই বাছাই অন্তে সুপারিশ;
- ১৫ তারিখের মধ্যে অভ্যন্তরীণ যাচাই বাছাই কমিটির সভায় সুপারিশকৃত তালিকা পুনরায় যাচাই;
- ২৫ তারিখের মধ্যে ব্যবস্থাপনা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন;
- ২৭ তারিখের মধ্যে মঞ্জুরিকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি প্রেরণের জন্য এ্যডভাইস ব্যাংকে প্রেরণ;
- মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ জানিয়ে আবেদনকারীর মোবাইল ফোনে স্কুদেবার্তা প্রেরণ;
- সেবাপ্রদান পদ্ধতি সহজ ও গ্রহণযোগ্য হয়েছে এবং ভোগান্তি কমেছে;
- সেবাপ্রার্থীর সময়, খরচ ও যাতায়াত (TCV) হ্রাস পেয়েছে;

**** জটিল ও ব্যয়বহল রোগঃ হার্ট স্ট্রোক, ব্রেইন স্ট্রোক, বাইপাস সার্জারী, হার্টে রিং পড়ানো, ক্যান্সার, কিডনী ডায়ালাইসিস, কিডনী ট্রান্সফার, মারাত্মক দুর্ঘটনাজনিত কারণে অঙ্গহানি।**